

# উপজেলা পরীক্ষা পরিচালনা কমিটি

উপজেলা: দৌলতখান, জেলা: ভোলা।

প্রথম সাময়িক পরীক্ষা - ২০১৮

## পরীক্ষার সময়সূচী

তারিখ	বার	সকাল (১০.০০-১২.০০)		বিকাল (১.০০-৩.৩০)	
		শ্রেণি	বিষয়	শ্রেণি	বিষয়
২২/০৪/২০১৮	রবিবার	১ম-২য়	ইংরেজী	৩য়-৫ম	ইংরেজী
২৩/০৪/২০১৮	সোমবার	১ম-৫ম	চারু ও কারুকলা	৩য়-৫ম	শারীরিক শিক্ষা ও সংগীত
২৪/০৪/২০১৮	মঙ্গলবার	১ম-২য়	বাংলা	৩য়-৫ম	বাংলা
২৫/০৪/২০১৮	বুধবার	১ম-২য়	পরিবেশ পরিচিতি	৩য়-৫ম	বাংলাদেশ ও বিশ্বপরিচয়
২৬/০৪/২০১৮	বৃহস্পতিবার	১ম-২য়	শারীরিক শিক্ষা ও সংগীত	৩য়-৫ম	ধর্ম ও নৈতিক শিক্ষা
২৮/০৪/২০১৮	শনিবার	১ম-২য়	ধর্ম ও নৈতিক শিক্ষা	৩য়-৫ম	প্রাথমিক বিজ্ঞান
৩০/০৪/২০১৮	সোমবার	১ম-২য়	গণিত	৩য়-৫ম	গণিত

## আবশ্যিক পালনীয়

- উপজেলা শিক্ষা অফিস থেকে ১৮ এপ্রিল ২০১৮ তারিখ সকাল ১০.০০ ঘটিকা থেকে প্রশ্নপত্র বিতরণ শুরু হবে। ব্যাংকে টাকা জমা দিয়ে (রূপালী ব্যাংক লিমিটেড, দৌলতখান শাখা হিসাব নং CD- ৮৮) প্রশ্নপত্র প্রধান শিক্ষককে গ্রহণ করতে হবে।
  - ভর্তিকৃত শিক্ষার্থীর ১০০% প্রশ্নপত্র নেয়া বাধ্যতামূলক।
  - প্রশ্নপত্রের গোপনীয়তা কঠোরভাবে পালন করতে হবে। প্রশ্নপত্রের প্যাকেট সহকারী শিক্ষকগণের সম্মুখে খুলতে হবে এবং প্রত্যয়নপত্র গ্রহণ করতে হবে। ব্যর্থতায় কঠিন ও কঠোর ব্যবস্থা গ্রহণ করা হবে।
  - একই শ্রেণির শিক্ষার্থী পাশাপাশি বসে পরীক্ষা দিতে পারবে না। ৫ ফুট লম্বা বেধে ০২ জন এবং ০৬ ফুট/ততোধিক লম্বা বেধে ০৩ জন বসাতে হবে। পরীক্ষা গ্রহণ করার পূর্বেই একাধিক শ্রেণির সংমিশ্রণে সঠিকভাবে আসন বিন্যাস (সিট প্লান) করতে হবে।
  - পরীক্ষার সময়সূচী যথাযথভাবে অনুসরণ করতে হবে। কর্তৃপক্ষের অনুমতি ব্যতিরেকে সময়সূচী কোনভাবে পরিবর্তন করা যাবে না।
  - পরীক্ষার উত্তরপত্র বিদ্যালয়ে ০১ বছর সংরক্ষণ করতে হবে।
  - আগামী ১০/০৫/২০১৮ খ্রি. তারিখের মধ্যে মা সমাবেশ করে পরীক্ষার ফলাফল ঘোষণা করতে হবে। পরীক্ষার ফলাফল রেজিস্টারে যথাযথভাবে লিপিবদ্ধ করে বিষয় ভিত্তিক শিক্ষককে স্বাক্ষর করতে হবে। ফলাফল রেজিস্টার ঘষামাজা / কাটাকাটি করা যাবে না।
  - পরীক্ষায় অনুপস্থিত শিক্ষার্থীদের হোমভিজিট করে অনুপস্থিত শিক্ষার্থীর তালিকা ০৫ মে ২০১৮ খ্রি. তারিখের মধ্যে সংশ্লিষ্ট সহকারী উপজেলা শিক্ষা অফিসারের নিকট জমা দিতে হবে।
  - উত্তরপত্র মূল্যায়ন করার ক্ষেত্রে উত্তরপত্র বিতরণ রেজিস্টারে সংশ্লিষ্ট শিক্ষকের স্বাক্ষর রাখতে হবে এবং মূল্যায়নের সময়সীমা নির্দিষ্ট করে দিতে হবে। উত্তরপত্র অন্য শিক্ষক দ্বারা নিরীক্ষা করাতে হবে। এবং অতি মূল্যায়ন বা অবমূল্যায়ন পরিলক্ষিত হলে সংশ্লিষ্ট শিক্ষককে দায়ী করা হবে।
  - লাল কালি দিয়ে বাম পার্শ্বে মার্কিং করতে হবে এবং ভুল লেখা চিহ্নিত করতে হবে।
  - মৌখিক পরীক্ষার ছাত্র-ছাত্রী ভিত্তিক নম্বরশীট পূর্বেই তৈরি করে নিতে হবে।
  - চারু ও কারুকলা বিষয়ের পরীক্ষার ক্ষেত্রে কারুকাজ বিদ্যালয়ে বসে ছাত্র-ছাত্রী তৈরি করে দেখাবে।
  - আনন্দ স্কুলের প্রশ্নপত্র সংশ্লিষ্ট মাদার স্কুলের প্রধান শিক্ষক গ্রহণ করবেন। আনন্দ স্কুলের ছাত্র-ছাত্রীরা মাদার স্কুলে পরীক্ষায় অংশগ্রহণ করবে। কোন অবস্থাতেই মাদার স্কুল ব্যতিত আনন্দ স্কুলে পরীক্ষা নেয়া যাবে না।
- বর্ণিত নির্দেশনাগুলো যথাযথভাবে পালন করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো।

(মো: তৌহিদুল ইসলাম)

সদস্য সচিব

উপজেলা পরীক্ষা পরিচালনা কমিটি

ও

সহকারী উপজেলা শিক্ষা অফিসার

দৌলতখান, ভোলা।

(আবদুল মন্নান হাওলাদার)

সভাপতি

উপজেলা পরীক্ষা পরিচালনা কমিটি

ও

উপজেলা শিক্ষা অফিসার (ভারপ্রাপ্ত)

দৌলতখান, ভোলা।